

বন্দ্র অধিদপ্তর

বন্দ্র অধিদপ্তরের উত্তম চর্চা (Best Practice)

১। “Zoom” প্ল্যাটফর্মে মিটিং আয়োজন :

করোনাকালীন বন্দ্র অধিদপ্তর ও অধীনস্থ শিক্ষা প্রতিষ্ঠান ও কার্যালয় সমূহের মধ্যে যাবতীয় আলোচনা ও সভা জুম অ্যাপস এর মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে। এছাড়াও বন্দ্র ও পাট মন্ত্রণালয় আয়োজিত সভাগুলোও জুম মিটিং অ্যাপস এর মাধ্যমে অংশগ্রহণ করা হচ্ছে। এর ফলে করোনা ভাইরাসে আক্রান্ত হবার ঝুঁকি হ্রাস পেয়েছে এবং অধীনস্থ প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ, সভা, প্রশিক্ষণ ইত্যাদি কার্যক্রম খুব সহজেই করা সম্ভব হচ্ছে। এই উত্তম চর্চার ফলে কার্যসম্পাদনে সময় ও অর্থ ব্যয় সাশ্রয় হয়েছে।

২। ফেসবুক মেসেঞ্জার গ্রুপ তৈরি :

বন্দ্র অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারী এবং শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধান সমন্বয়ে নিয়ে DOT officers, DOT college, DOT institute, DOT Division.TVI নামে ৪টি ফেসবুক মেসেঞ্জার গ্রুপ তৈরি করা হয়েছে। করোনাকালে অধিদপ্তরের কার্যক্রম চালু রাখতে গ্রুপ ভিত্তিক আলোচনা, মত-বিনিময়, সভার নোটিশ এবং মহাপরিচালকের নির্দেশনা যে কোন সময় সংশ্লিষ্ট সকলের মধ্যে সহজেই পৌঁছে দিতে গ্রুপসমূহ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

৩। iBAS++ এ অনলাইনে বেতন বিল দাখিল :


সরকারি আর্থিক ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে মন্ত্রণালয়/দপ্তর/সংস্থাসমূহের জন্য সমন্বিত বাজেট ও হিসাবরক্ষণ পদ্ধতি (Integrated Budget and Accounting System, iBAS++) চালু করা হয়েছে। বন্দ্র অধিদপ্তরের সকল আয়ন ও ব্যয়ন কর্মকর্তা iBAS++ এ বেতন-ভাতা বিল দাখিল করে ইএফটি(EFT) প্রক্রিয়ায় বেতন-ভাতা উত্তোলন করেন। আয়ন ও ব্যয়ন কর্মকর্তা কর্মচারীদের বেতন-ভাতা iBAS++ দাখিল করেন। বেতনের অর্থ কর্মচারীদের ব্যাংক হিসাবে ইএফটি(EFT) পদ্ধতিতে স্থানান্তরিত হয়। ফলে বিল তৈরী এবং নগদ অর্থ বহন ও বিতরণের সমস্যা দূর হয়েছে। অধিদপ্তরের হিসাব শাখার আর্থিক বিল সংক্রান্ত কার্যক্রমে গতিশীলতা এসেছে।

৪। কুইক রেসপন্স টিম গঠন:

বন্দ্র ও পাট মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী বন্দ্র অধিদপ্তরের করোনা ভাইরাসে আক্রান্ত কর্মকর্তা/কর্মচারীদেরকে সহযোগিতা প্রদানের জন্য কুইক রেসপন্স টিম গঠন করা হয়েছে। কোভিড-১৯ বিষয়ে সার্বক্ষণিক কুইক রেসপন্স টিমের আহ্বায়কের সাথে যোগাযোগ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত টিম আক্রান্ত কর্মকর্তা-কর্মচারীর সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় পরামর্শ ও সহযোগিতা প্রদান করছে এবং DOT officer Massenger গ্রুপে তথ্য আপলোড করা হয়। আক্রান্তদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে।

৫। কমিটি ভিত্তিক ভাইবার গ্রুপ এর ব্যবহার:

বন্দ্র অধিদপ্তরের কর্মকর্তাদের মধ্যে সহজে তথ্য আদান-প্রদানের জন্য কমিটি ভিত্তিক ভাইবার এ গ্রুপ একাউন্ট(এপিএ, এনআইএস, আরটিআই গ্রুপ ইত্যাদি) খোলা হয়েছে। ফলে দ্রুততম সময়ে প্রয়োজনীয় তথ্য আদান-প্রদান, সভা আহ্বান অথবা কোন সিদ্ধান্ত এর বিষয়ে সহজে সকল কর্মকর্তাকে অবহিত করা যায়। এতে খুব সহজে কম সময়ে যে কোন বার্তা, তথ্য দ্রুত সকলকে অবগত করানোর মাধ্যমে দ্রুততার সাথে সিদ্ধান্ত গ্রহণ করা যায়।


20/02/2020
মোহাম্মদ মোজাম্মেল হক
সহকারী পরিচালক (অফিস)
বন্দ্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৬। পরিস্কার-পরিচ্ছতা কার্যক্রম নিশ্চিতকরণ:

বঙ্গ অধিদপ্তর প্রধান কার্যালয়ে পরিস্কার-পরিচ্ছতা কার্যক্রম নিয়মিত তদারকি করা হয়। অফিসকক্ষসমূহ, টয়লেট, স্টোরকক্ষ, সার্ভারকক্ষসহ অন্যান্য স্থান গঠিত কমিটির তত্ত্বাবধানে পরিচ্ছন্নকর্মী দ্বারা নিয়মিত পরিস্কার করা হয়। ফলে বঙ্গ অধিদপ্তর প্রধান কার্যালয় বর্তমান সময়ের সবচেয়ে আলোচিত ডেঙ্গু রোগের বংশ বিস্তার রোধসহ অন্যান্য রোগের প্রাদুর্ভাব থেকে মুক্ত। বঙ্গ অধিদপ্তরের সুস্থ, শান্ত ও পরিচ্ছন্ন এই কর্ম পরিবেশ কর্মকর্তা-কর্মচারীদের দাপ্তরিক কাজে মনোনিবেশ, উৎসাহ-উদ্দীপনা ও মানসিক বিকাশে সহায়তা করে।

৭। ধূমপানমুক্ত এলাকা ঘোষণা:

বঙ্গ অধিদপ্তর প্রধান কার্যালয়কে ধূমপানমুক্ত এলাকা ঘোষণা করা হয়েছে। বঙ্গ অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারী অফিসকক্ষে বা অফিস প্রাঙ্গণে ধূমপান থেকে বিরত থাকেন। ফলে বঙ্গ অধিদপ্তর প্রধান কার্যালয়ে একটি সুস্থ, সুন্দর ও স্বাস্থ্যকর কর্ম পরিবেশ বিরাজ করছে। উত্তম চর্চার ফলে ধূমপায়ীর সংখ্যা হ্রাস পেয়েছে।



২০/০৭/২০২০

মোহাম্মদ মোজাম্মেল হক
সহকারী পরিচালক (অসিগ)
বঙ্গ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার